# এ্যালকারী সিরাপ
## শরবত বুযূরী

**বিবরণ:** এ্যালকারী সিরাপ একটি সুপরিচিত ইউনানী ঔষধ যা প্রস্রাব এর পরিমাণ বাড়ায় এবং কিডনী ও মূত্রতন্ত্রের কার্যক্ষমতা বৃদ্ধি করে। ইহা যকৃত ও মূত্রথলির রোগের জন্য একটি কার্যকরী ঔষধ। এ্যালকারী প্রস্রাবের জ্বালাপোড়া কমায়। প্রস্রাবের পরিমাণ বাড়ানোর মধ্য দিয়ে কিডনী এবং মূত্রথলির কার্যক্ষমতা স্বাভাবিক রাখে। ইহা রোগীর জ্বর কমাতেও সাহায্য করে।

**উপাদান:** প্রতি ৫ মিলি সিরাপে আছে নিম্নোক্ত হার্বস এর জলীয় নির্যাস:

| ক্রমিক নং | ইউনানী নাম | বোটানিক্যাল নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | বেখে কাসনী | *Cichorium endivia* | ২৫০ মি.গ্রা. |
| ০২ | তোখমে খরবূযা | *Cucumis melo* | ২৫০ মি.গ্রা. |
| ০৩ | বেখে বাদিয়ান | *Foeniculum vulgare* | ১২৫ মি.গ্রা. |
| ০৪ | বাদিয়ান | *Foeniculum vulgare* | ১২৫ মি.গ্রা. |
| ০৫ | তোখমে কাসনী | *Cichorium endivia* | ১২৫ মি.গ্রা. |
| ০৬ | খারে খসক্ | *Tribulus terrestris* | ১২৫ মি.গ্রা. |

সুত্র: শরবত বুযূরী, বা. জা. ই. ফ।

**রোগ নির্দেশনা:** মূত্রকৃচ্ছ্রতা, ঋতুবদ্ধতা, যকৃতের প্রতিবন্ধকতা ও প্রদাহজনিত জন্ডিস, প্রদাহজনিত জ্বর, বৃক্ক ও মূত্রথলির অসার পদার্থ।

**সেবন মাত্রা ও সেবন বিধি:** ২-৪ চা চামচ করে প্রত্যহ ২-৪ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব-প্রতিক্রিয়া:** ইউনানী সিরাপ এ্যালকারীতে তেমন কোন পার্শ্ব-প্রতিক্রিয়া জানা যায়নি।

**বিরূপ প্রতিক্রিয়া:** ইউনানী সিরাপ এ্যালকারীতে তেমন কোন বিরূপ প্রতিক্রিয়া জানা যায়নি, তবে এর যে কোন উপাদানের প্রতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে প্রতিক্রিয়া দেখা যেতে পারে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার:** ইউনানী সিরাপ এ্যালকারী গর্ভবতী মহিলার জন্য নিরাপদ নয়। স্তন্যদানকালে ইউনানী সিরাপ এ্যালকারী সেবনে কোন সমস্যা হয় না।

**সংরক্ষণ:** আলো থেকে দূরে ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন, শিশুদের নাগালের বাইরে রাখুন।

**পরিবেশনা:** প্রতিটি পেট বোতলে আছে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ এ্যালকারী।

প্রস্তুতকারক:
দি ইবনে সিনা ন্যাচারাল মেডিসিন লিঃ
(ইউনানী বিভাগ), সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।
IBN SINA